

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱৰণ
 কম্পিউটার উইং
 পরিসংখ্যান ভবন
 ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং ৫২.০১.০০০০.১০১.২৭.৯১৬.১৬- ৩২৮

তারিখ: ০৮ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ
 ২০ ফেব্রুয়ারী, ২০১৮ খ্রি.

**বিষয়ঃ জাতীয় শুকাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিবিএস-এর পুনর্গঠিত ইনোভেশন টিমের গত ০৭-০২-২০১৮ খ্রি।
তারিখের ওয় সভার কার্যবিবরণী।**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱৰণের কাজের গতিশীলতা ও উন্নাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দুটি ও সহজীকরণের পথা উন্নাবন ও চৰ্চার লক্ষ্যে ২৪-০৮-২০১৭ খ্রি। তারিখে ৫২.০১.০০০০.১০১.২৭.৯১৬.১৬-২৩৮১ নং স্মারকে ইনোভেশন টিম পুনর্গঠন করা হয়েছে। তারই ধারাবাহিকতায় বিবিএস এর সার্বিক কার্যাবলী গতিশীল ও যুগোপযোগী করার লক্ষ্যে ইনোভেটিভ ধারণা নির্ধারণ করার জন্য ইনোভেশন টিমের ওয় সভা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হয়।


| | | |
|-----------------|---|---|
| সভার তারিখ | : | ০৭ ফেব্রুয়ারী, বুধবার ২০১৮ খ্রি। |
| সভার সময় | : | বিকাল ৩:০০ ঘটকিকা |
| সভার স্থান | : | পরিচালক, কম্পিউটার উইং এর কক্ষ |
| সভাপতিত করেন | : | ইনোভেশন অফিসার, বিবিএস |
| সভার আলোচ্যসূচি | : | ১) ২০১৮ সালের বার্ষিক ইনোভেশন সংক্রান্ত কর্ম পরিকল্পনা প্রণয়ন; ২) ২০১৭ সালের বার্ষিক ইনোভেশন প্রতিবেদন প্রস্তুত; ৩) বিবিধ; |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

০১। ইনোভেশন অফিসার/সভাপতি, উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱৰণের সেবাদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গণগত পরিবর্তন আনয়ন, বাংসরিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বছরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন, প্রতিমাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন করতে হবে।

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---------|--|--|--|
| ১. | জনাব ঘোষ সুব্রত, পরিচালক, কম্পিউটার উইং ও ইনোভেশন অফিসার আলোচনায় অংশগ্রহণ করে বলেন যে, ১৮/০৭/২০১৭ই তারিখে স্বাক্ষরিত বার্ষিক উন্নাবনী কর্ম পরিকল্পনা অনুসারে এবছরের প্রগ্রেস রিপোর্ট তৈরী করা প্রয়োজন। | বার্ষিক উন্নাবনী কর্ম পরিকল্পনা অনুসারে দুটি প্রগ্রেস রিপোর্ট তৈরী করতে হবে। | ইনোভেশন অফিসার/ সভাপতি ও সদস্য সচিব |
| ২. | জনাব চন্দ্র শেখের রায়, সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার কম্পিউটার উইং ও সদস্য সচিব, বলেন যে, এসএসটিআই এ প্রেরিত ট্রেনিং সংক্রান্ত চিঠির অদ্যাবধি কোন ফিটব্যাক | এসএসটিআইকে ট্রেনিং এর জন্য পুনরায় পত্র প্রেরণ করতে হবে এবং বাংসরিক | ইনোভেশন অফিসার/ সভাপতি ও |

| | | | |
|----|---|---|---|
| | পাওয়া যায়নি, তিনি আরো বলেন বিবিএস এর মাঠ পর্যায়ের অফিস থেকে অদ্যাবধি কোন ইনোভেশন আইডিয়া পাওয়া যায়নি তাই বাংসরিক উন্নতবনী কর্মপরিকল্পনা করতে দেরি হচ্ছে। | উন্নতবনী কর্মপরিকল্পনা করার জন্য অতিসতর উদ্যোগ গ্রহণ করতে হবে। | সদস্য সচিব |
| ৩. | বেগম আয়শা আক্তার মিলি, পরিসংখ্যন কর্মকর্তা, এগ্রিকালচার উইং ও সদস্য বলেন বিবিএস এর মাঠ পর্যায়ের ৬টি জেলা অফিস থেকে প্রেরিত ৬টি ইনোভেশন আইডিয়া A2i তে প্রেরণ করা হয়েছিল যা অগ্রগতি হিসাবে কেবিনেটে পাঠানো যেতে পারে। | A2i তে প্রেরিত ইনোভেশন আইডিয়া গুলি অগ্রগতি হিসাবে কেবিনেটে পাঠাতে হবে। | ইনোভেশন অফিসার/ সভাপতি ও সদস্য সচিব |
| ৪. | জনাব মো: আলমগীর হোসেন, উপ-পরিচালক, সেক্সাস উইং ও সদস্য আলোচনায় অংশগ্রহণ করে বলেন যে, মার্চ ২০১৮ তে বরিশাল জেলা পরিসংখ্যান অফিসের ই-লাইব্রেরী সংক্রান্ত ইনোভেশন আইডিয়ার উপর একটি প্রজেক্টেশনের আয়োজন করা যেতে পারে। | ই-লাইব্রেরী সংক্রান্ত একটি প্রজেক্টেশনের আয়োজন করতে হবে। | ইনোভেশন অফিসার/ সভাপতি ও মো: আলমগীর হোসেন সদস্য |
| ৫. | জনাব মো: জাকির হোসেন ডিডিও এফএ এন্ড এমআইএস ও সদস্য আলোচনায় অংশগ্রহণ করে বলেন যে, এপ্রিল ২০১৮ তে ইনোভেশন আইডিয়া সংক্রান্ত একটি ট্রেনিং/ওয়ার্কশপের আয়োজন করা হলে এ বিষয়ে সবাই যুগোপযোগী ধারণা অর্জন করতে পারবে। | এপ্রিল মাসে একটি ট্রেনিং ওয়ার্কশপের আয়োজন করতে হবে। | ইনোভেশন অফিসার/ সভাপতি ও সদস্য সচিব |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মো: সুব্রত) ২৫/০৫/১৮

ইনোভেশন অফিসার

ও

পরিচালক, কম্পিউটার উইং
বিবিএস, ঢাকা।

বিতরণ (জ্যোষিত ভিত্তিতে নয়)

- জনাব মো: আলমগীর হোসেন, উপ-পরিচালক, সেক্সাস উইং ও সদস্য।
- বেগম আয়শা আক্তার মিলি, পরিসংখ্যন কর্মকর্তা, এগ্রিকালচার উইং ও সদস্য।
- জনাব মো: জাকির হোসেন, ডিডিও, এফএ এন্ড এমআইএস ও সদস্য।
- জনাব চন্দ্ৰ শেখের রায়, সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, কম্পিউটার উইং ও সদস্য সচিব।

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে)

- ঠাফ অফিসার, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বিবিএস, ঢাকা।
- পরিচালকের ব্যক্তিগত সহকারী, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।
- অফিস কপি।